

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদযাপিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা-১৪৩০ উদযাপিত হয়েছে। আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় উপাসনালয়ে বিদ্যাদায়িনী দেবী সরস্বতীর আবির্ভাব উপলক্ষে প্রতিমা স্থাপন, বাণী অর্চনা, অঞ্জলি প্রদান, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রসাদ বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও উপাসনালয় ব্যবস্থাপনা কমিটির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. বিপ্লব মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী। আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও প্রক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, ভাষা শহীদ আব্দুস সালাম হলের প্রভোস্ট ড. কাওসার হোসেন, মাইক্রোবায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক ও নোবিপ্রবি নীল দলের সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ রুহুল আমিন এবং নোবিপ্রবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক জনাব জাহিদ হাসান শুভ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নোবিপ্রবির ১৩তম ব্যাচের শিক্ষার্থী স্মরণিকা ঘোষ ও ১৬তম ব্যাচের শিক্ষার্থী হিমেল দাস। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, সকলকে পূজার শুভেচ্ছা। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার এই বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ। সরস্বতী পূজা আমার কাছে বেশী গুরুত্বপূর্ণ মনে হয় কারণ এই পূজাটি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট। শিক্ষার্থীদের উদ্দেশ্য করে তিনি বলেন, তোমাদেরকে সুস্থ বিদ্যা অর্জন করতে হবে। সততা, সুস্থতা এবং পরিশুদ্ধতার সাথে বিদ্যা চর্চার মাধ্যমে তোমরা নিজেদের সমৃদ্ধ করবে এটাই প্রত্যাশা। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী তাঁর বক্তব্যে বলেন, আজকের এই উৎসবমুখর আয়োজনে আমি চাই নোবিপ্রবির উপাসনালয়টি বছরব্যাপী সবার জন্য উন্মুক্ত থাকুক। বিশ্ববিদ্যালয়ের বাইরে যারা আছেন তারাও যেন এখানে পূজা অর্চনা করতে পারে। নোয়াখালীর যে কোন উৎসবের কেন্দ্রবিন্দু হয়ে উঠুক নোবিপ্রবি এই আশাবাদ ব্যক্ত করছি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অনুষ্ঠানের সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক সমাপনী বক্তব্যে বলেন, উৎসবমুখর এই আয়োজনে যারা অংশগ্রহণ করেছেন সকলকে ধন্যবাদ। এই আয়োজনে সর্বাঙ্গিক সহযোগিতার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।